

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৫৩২৯

কাঞ্চনপুর, ৩০ মার্চ, ২০২৪

লোকসভা নির্বাচন-২০২৪

কাঞ্চনপুর মহকুমায় মোট ভোটার ৯৮,৯৮৬ জন

২-ত্রিপুরা পূর্ব (এসটি) লোকসভা কেন্দ্রের অন্তর্গত কাঞ্চনপুর মহকুমার ৫৯-পেঁচারথল (এসটি) এবং ৬০-কাঞ্চনপুর (এসটি) বিধানসভা ক্ষেত্র দুটিতে ভোটার রয়েছেন ৯৮,৯৮৬ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৪৯,৯৭৯ জন, মহিলা ভোটার ৪৯,০০৬ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ১ জন। উল্লেখ্য, ৫৯-পেঁচারথল (এসটি) বিধানসভা ক্ষেত্রের মোট ভোটার রয়েছেন ৪৬,৪০২ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২৩,৪৮৯ জন এবং মহিলা ভোটার ২২,৯১৩ জন। এখানে ভোটকেন্দ্র রয়েছে ৫২টি। ৬০-কাঞ্চনপুর (এসটি) বিধানসভা ক্ষেত্রে ভোটার রয়েছেন ৫২,৫৮৪ জন। এর মধ্যে পুরুষ ভোটার ২৬,৪৯০ জন, মহিলা ভোটার ২৬,০৯৩ জন এবং তৃতীয় লিঙ্গের ভোটার ১ জন। এই বিধানসভা কেন্দ্রে ভোট কেন্দ্র রয়েছে ৬০টি। কাঞ্চনপুরের সহকারি রিটার্নিং অফিসার তথা কাঞ্চনপুর মহকুমার মহকুমা শাসক কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*